

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

www.bangladeshbank.org.bd

বিএফআইইউ সার্কুলার নং-০৩/২০১৫

২৬ চৈত্র, ১৪২১

তারিখ :

০৯ এপ্রিল, ২০১৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

সকল রিপোর্ট প্রদানকারী সংস্থা

(মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ ও সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর আওতায়) বাংলাদেশ।

মানিলভারিং প্রতিরোধ বিধিমালা, ২০১৩ এবং সন্ত্রাস বিরোধী বিধিমালা, ২০১৩ প্রসঙ্গে।

শ্রিয় মহোদয়,

মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৯ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গত ২১ নভেম্বর, ২০১৩ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় মানিলভারিং প্রতিরোধ বিধিমালা, ২০১৩ জারী করেছে যা গত ২৯ জানুয়ারি, ২০১৪ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে।

০২। সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ৪৩ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গত ১৩ অক্টোবর, ২০১৩ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে **স্বরাষ্ট্র মন্ত্রণালয় সন্ত্রাস বিরোধী বিধিমালা, ২০১৩** জারী করেছে যা গত ০৯ নভেম্বর, ২০১৩ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে।

০৩। আলোচ্য বিধিমালা দু'টি জারী হওয়ায় রিপোর্ট প্রদানকারী সংস্থাসমূহের দায়িত্ব ও কর্তব্য বিস্তৃত হয়েছে। উক্ত বিধিমালা দু'টির বিধানসমূহ পরিপালন ও সংশ্লিষ্ট সকলের অবগতিতে আনয়নের সুবিধার্থে বিধান দু'টি বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে, যা http://www.bb.org.bd/aboutus/dept/bfiu/laws_bfiu.php ওয়েবলিংকে পাওয়া যাবে।

০৪। এক্ষণে বর্ণিত বিধিমালা দু'টি সংশ্লিষ্ট সকলের অবগতিতে আনয়ন এবং এর বিধানসমূহের পরিপালন নিশ্চিত করার জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নাসিরুজ্জামান)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১১৮